গাজায় ইসরাইলি হামলায় শিশুসহ ২২ ফিলিস্তিনি নিহত

গাজা উপত্যকায় একের পর এক ইসরাইলি হামলায় বৃহস্পতিবার দিনভর শিশুসহ অন্তত ২২ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অনেকে। ফিলিস্তিনের স্বাস্থ্যকর্মীরা এ তথ্য নিশ্চিত করেছেন।

তাদের বরাত দিয়ে আনাদোলু এজেন্সি জানিয়েছে, বৃহস্পতিবার ভোর থেকে ইসরাইলি বাহিনী গাজা সিটির উত্তর-পশ্চিমে আল-শাতি শরণার্থী শিবিরের একটি আবাসিক ভবনে বিমান হামলা চালায়। এতে তিনজন নিহত হন এবং আরও কয়েকজন আহত হন।

গাজা সিটির উত্তরাঞ্চলের শেখ রিদওয়ান এলাকায় একটি বাড়িতে বিমান হামলায় এক বৃদ্ধ ও দুই নারী নিহত হন। এতে আহত হন আরও কয়েকজন।

গাজার মধ্যাঞ্চলের পশ্চিম নুসাইরাত শরণার্থী শিবিরে একটি আবাসিক ফ্ল্যাটে ইসরাইলি বাহিনীর হামলায় চারজন নিহত হয়েছেন, যাদের মধ্যে দুইজন শিশু।

সূত্র: যুগান্তর ।

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে ১ জনের কারাদণ্ড

মেহেরপুরে গাঁজা রাখার অপরাধে মোঃ কাউছারকে ১ বছর সশ্রম কারাদণ্ড এবং ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত।

আজ বুধবার দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

মামলার নথি অনুযায়ী, ২০১৮ সালের ৩০ জুলাই সকাল ৯টা ৪০ মিনিটে মেহেরপুর পৌর এলাকার ওয়াপদা মোড়ে অবস্থানকালে এএসআই শেখ

মনিরুজ্জামান গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন, পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন নাইট বিলাস আবাসিক হোটেলের সামনে এক ব্যক্তি গাঁজা নিজ হেফাজতে রেখে বিক্রির জন্য অপেক্ষা করছে। সঙ্গে থাকা অফিসার ও ফোর্সসহ সকাল ৯টা ৫০ মিনিটে অভিযান চালিয়ে নাইট বিলাস হোটেল সংলগ্ন ফারুক অটোস গ্যারেজের সামনে থেকে কাউছারকে আটক করা হয়।

তল্লাশি চালিয়ে তার পরিহিত পাঞ্জাবির ডান পাশের পকেট থেকে সাদা কাগজে মোড়ানো ১৬ পুরিয়া গাঁজা (ওজন ৫০ গ্রাম) এবং জিন্সের সামনের বাম পকেট থেকে আরও ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। সর্বমোট ১০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে মোঃ কাউছারের বিরুদ্ধে উপরোক্ত রায় দেন।

রায় ঘোষনার পরে আসামীকে জেল হাজতে পাঠানো হয়েছে।

দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ মহিলা মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল ও গাঁজাসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

গত রবিবার রাত সাড়ে ১২টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামে এ অভিযান পরিচালিত হয়।

গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার চৌকস এসআই মাসুদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ ওই এলাকায় অভিযান চালিয়ে ১০ বোতল ফেনসিডিল ও ১ কেজি গাঁজাসহ রুবিনা খাতুন (৩৫) নামের এক নারীকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত রুবিনা খাতুন দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা নতুনপাড়া এলাকার আবু ছদ্দির মেয়ে।

গতকালই তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে অস্ত্র, বোমা ও গাঁজা উদ্ধার, ডাকাতদের পলায়ন

মেহেরপুরের গাংনী উপজেলার চোখতোলা মাঠে অভিযান চালিয়ে ১টি পিস্তল, ৫টি ককটেল বোমা ও ৪০ গ্রাম গাঁজা উদ্ধার করেছে সেনাবাহিনী।

রবিবার রাত সাড়ে ৯টার দিকে মেহেরপুর সেনা ক্যাম্পের মেজর ফারহান এবং লেফটেন্যান্ট মিনহাজের নেতৃত্বে একটি দল অভিযান পরিচালনা করে।

সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে সেনা ক্যাম্প জানতে পারে, গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের চোখতলা মাঠে ডাকাতির উদ্দেশ্যে ককটেল বোমা প্রস্তুত করছিল একদল দুষ্কৃতীকারী। এমন সংবাদের পেয়ে সেনাবাহিনীর অভিযানিক দলটি সেখানে অভিযান চালায়। অভিযান দলের উপস্থিতি টের পেয়ে দুষ্কৃতিকারীরা ২টি মোটরসাইকেলে পালিয়ে যায়। পরে ওই এলাকায় তল্লাশি করে ১টি পিস্তল, ৫টি ককটেল বোমা এবং ৪০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

সেনা ক্যাম্প থেকে জানানো হয়, দুষ্কৃতিকারীরা ওই স্থানে ডাকাতি ও ছিনতাই করার উদ্দেশ্যে প্রস্তুতি নিচ্ছিল। উদ্ধারকৃত পিস্তল, বিস্ফোরক ও গাঁজা আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গাংনী থানায় হস্তান্তর করা হয়।

মেহেরপুরে গাঁজা গাছসহ ২ জনকে আটক করেছে সেনাবাহিনী

মেহেরপুরের মুজিবনগরে দুই ব্যক্তিকে আটক করেছে বাংলাদেশ সেনাবাহিনীর মেহেরপুর ক্যাম্পের সদস্যরা। শুক্রবার (৯ মে) রাত ১১ টার দিকে দারিয়াপুর গ্রামে একটি গবাদি পশুর খামারে অভিযান চালিয়ে বিভিন্ন সাইজের ৫ টি গাঁজাগাছ ও ২০ গ্রাম গাঁজাসহ তাদেরকে আটক করা হয়।

আটকরা হলো উপজেলার দারিয়াপুর গ্রামের দক্ষিণপাড়ার গোলাম হোসেনের ছেলে সাদ্দাম হোসেন (৩৩) এবং একই গ্রামের পশ্চিম পাড়ার হযরত আলীর ছেলে দেলোয়ার হোসেন (৩৩)।

সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, শনিবার (১০ মে) সকাল ১০ টার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে একটি গবাদিপশুর খামারে গাঁজা গাছের চাষ হচ্ছে এমন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মেহেরপুর সেনা ক্যাম্পের লেফটেন্যান্ট মিনহাজের নেতৃত্বে একটি টিম শুক্রবার দিবাগত রাত ১১ টার সেখানে অভিযান পরিচালনা করেন।

অভিযানে খামারের মালিক সাদ্দাম হোসেন ও তার কর্মচারী দেলোয়ার হোসেনকে আটক করা হয়। তাদের দেয়া তথ্য মতে, বিভিন্ন সাইজের ৫টি গাঁজা গাছ, ২০ গ্রাম গাঁজা,গাঁজা সেবন প্রস্তুতের সরঞ্জাম (কাঁচি ও কাঠি), নগদ ৫ হাজার টাকা এবং পাসপোর্ট উদ্ধার করা হয়।

সাদ্দাম হোসেন গবাদি পশুর খামার পরিচালনা এবং কৃষি জমিতে চাষাবাদের পাশাপাশি দীর্ঘদিন ধরে গাঁজা চাষ করে আসছে বলে জানায় সেনা বাহিনী।

গাংনীতে গাঁজাসহ ব্যবসায়ী আটক,

সেবনকারীর জেল

মেহেরপুরের গাংনীতে এক কেজি গাঁজাসহ জেমস প্রকাশ মন্ডল (৫৫) নামের এক মাদক ব্যবসায়ী এবং শাহির আলী (৪৫) নামের এক মাদকসেবীকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার (৫ মে) সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের চার্চ এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটক জেমস প্রকাশ মন্ডল জুগিন্দা গ্রামের অমরেন্দ্র মন্ডলের ছেলে। অপরদিকে, মাদকসেবী শাহির আলী উপজেলার ঢেপা গ্রামের মৃত আব্দুল জলিলের ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে শাহির আলীকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রীতম সাহা এ দণ্ডাদেশ প্রদান করেন। দুপুরেই তাকে গাংনী থানা পুলিশের মাধ্যমে জেল হাজতে পাঠানো হবে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক মদনমোহন সাহা এ তথ্য নিশ্চিত করেন।

অধিদপ্তরের একাধিক সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে চার্চ এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। এ সময় শাহির আলীকে গাঁজা সেবনের সময় হাতেনাতে আটক করা হয়। পরে তার স্বীকারোক্তির ভিত্তিতে জেমস প্রকাশ মন্ডলের বাড়িতে অভিযান চালিয়ে শয়নকক্ষে হলুদ স্কচটেপে মোড়ানো একটি পোঁটলা থেকে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক বাজারমূল্য ৩০ হাজার টাকা।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, জেমস প্রকাশ মন্ডল দীর্ঘদিন ধরে গোপনে এলাকায় মাদক বিক্রি করে যুব সমাজকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছিলেন।

তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

দর্শনায় পৃথক মাদকবিরোধী অভিযানে গাঁজা ও ইয়াবাসহ গ্রেপ্তার ৩

চুয়াডাঙ্গার দর্শনায় পৃথক তিনটি মাদকবিরোধী অভিযান চালিয়ে ৩ কেজি গাঁজা ও ইয়াবাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেপ্তারকৃতরা হলেন আজমপুর গ্রামের আলম হোসেনের স্ত্রী রেহেনা বেগম (৩৮), যার কাছ থেকে উদ্ধার করা হয় ৩ কেজি গাঁজা; দক্ষিণ চাঁদপুর হল্ট স্টেশন পাড়ার লিয়াকত আলীর ছেলে ইস্রাফিল হোসেন (৪৫), যার কাছ থেকে পাওয়া যায় ৩০০ পিস ইয়াবা; এবং কেরুজ মিলপাড়ার আতর আলীর ছেলে আশরাফুল ইসলাম চঞ্চল (৩৮), যিনি ছিলেন ২৫ পিস ইয়াবাসহ।

গতকাল শুক্রবার গভীর রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। গোপন সংবাদের ভিত্তিতে এসআই মাসুদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাদের নিজ নিজ বাড়ি থেকে মাদকসহ গ্রেপ্তার করেন।

তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা রুজু করে আজ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে পাঠানো হয়েছে।

গাজায় ইসরায়েলি বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে

মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনীর বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বেলা সাড়ে ১০টার দিকে মেহেরপুর পৌরসভার সামনে সাধারণ জনগণের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন আসিফ নাজ সুলতান।

বক্তারা বলেন, যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে পবিত্র রমজান মাসেও ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি দখলদার বাহিনী হামলা চালিয়ে শত শত নিরীহ ফিলিস্তিনিকে হত্যা করেছে। বিশ্ব মানবতার এই সংকটময় সময়ে আমাদের সবাইকে নিপীড়িত ফিলিস্তিনিদের পাশে দাঁড়াতে হবে এবং যুদ্ধবিরতি লঙ্ঘনের দায়ে নেতানিয়াহু সরকার ও ইসরায়েলকে আন্তর্জাতিক আইনের আওতায় আনতে হবে।

তারা আরও বলেন, গাজায় শুধু মুসলমানরা নয়, বরং গোটা বিশ্ব মানবতাই আক্রান্ত হয়েছে। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে অবৈধ দখলদার ইসরায়েল স্বাধীন ফিলিস্তিনের ওপর লাগাতার হামলা চালিয়ে যাচ্ছে। তারা শুধু যুদ্ধবিরতি লঙ্ঘন করেনি, বরং পুরো গাজা উপত্যকা দখলের ঘোষণা দিয়েছে। বিশ্বনেতাদের অবশ্যই এই ন্যাক্কারজনক হামলা বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সামাজিক সংগঠন ধ্রুবতারা ইউথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি ফয়সাল হোসেন, ইশতিয়াক উদ্দিন অর্ণব, রোকন খন্দকার, সুরুজ, জাহিদ, রাহিদুজ্জামান, রজনী, সাদিয়া এবং অন্যান্য সাধারণ জনগণ।

মেহেরপুরে দুই কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ীকে আটক

করেছে সেনাবাহিনী

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামে অভিযান চালিয়ে দুই কেজি গাঁজাসহ ওয়াসিম ওরফে মাগরিব নামে এক মাদক কারবারিকে আটক করেছে সেনাবাহিনী।

গতকাল মঙ্গলবার দিবাগত রাত ২টার দিকে করমদি গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে তার স্বীকারোক্তি অনুযায়ী কুষ্টিয়ার মিরপুর উপজেলার ফুলবাড়িয়া গ্রামে অভিযান চালিয়ে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়।

আটককৃত মাগরিব করমদি গ্রামের মৃত আব্দুল কুদ্দুসের ছেলে। তার বিরুদ্ধে গাংনীসহ বিভিন্ন থানায় একাধিক মাদক মামলা রয়েছে।

অভিযানে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমান্ডার এএসপি এনামুল হকসহ র্যাবের একটি দল অংশ নেন।

সেনাবাহিনী ক্যাম্প সূত্রে জানা গেছে, মেজর ফারহানের নেতৃত্বে ক্যাপ্টেন রিফাতসহ সেনাবাহিনীর একটি টিম করমদি গ্রামে মাগরিবের বাড়িতে অভিযান চালায়। এসময় তাকে আটক করে স্বীকারোক্তি অনুযায়ী কুষ্টিয়ার মিরপুর উপজেলার ফুলবাড়িয়া গ্রামে অভিযান চালিয়ে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়।

বর্তমানে মাগরিবকে মেহেরপুর র্যাব ক্যাম্পে জিজ্ঞাসাবাদের জন্য রাখা হয়েছে। পরবর্তী সময়ে মিরপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে তাকে হস্তান্তর করা হবে।

দর্শনায় গাঁজাসহ ব্যাবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৫কেজি গাঁজাসহ হৃদয়কে (২৫) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতাকৃত হৃদয় পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ঝাঁজাডাঙ্গা গ্রামের মৃত্যু সুন্নত আলীর ছেলে।

সোমবার দিনগত রাত ১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে,অভিযান চালায় দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সীমান্তবর্তী ঝাঝাডাঙ্গা গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই মাসুদুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ঝাঝাডাঙ্গা ঈদগাহ পাড়ায় অভিযান চালায়।

এ সময় পুলিশ হৃদয়ের ১তলা বাড়ির ভিতর থেকে প্লাস্টিকে মেড়ানো লালটেপ জাড়ানো অভিনব কায়দায় লুকানো ভারতীয় ১৫ কেজি গাঁজা উদ্ধার করে।

এ ঘটনায় এস আই মাসুদুর রহমান বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।